# বাংলাদেশ কৃষি ব্যাংক

## স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

### জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা এর ''নৈতিকতা কমিটি''র সভার কার্যবিবরণী।

জাতীয় শুদ্ধাচার কৌশল এর আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় গঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় প্রান্তিকের সভা উপব্যবস্থাপনা পরিচালক-২ (এলপিও এর দায়িত্বে) মহোদয় জনাব খান ইকবাল হোসেন এর সভাপতিত্বে ২৭.১২.২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ঃ-

(ক) জনাব মোহাম্মদ মাইনুল ইসলাম খান, উপমহাব্যবস্থাপক, সাধারণ ব্যাংকিং ও প্রশাসন এবং বৈদেশিক বাণিজ্য শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সদস্য।

(খ) জনাব রৌউফুর রাহিম, উপমহাব্যবস্থাপক, ঋণ শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও সদস্য।

(গ) জনাব মোঃ তুহীন ইকরাম, সহকারী মহাব্যবস্থাপক, বৈদেশিক বাণিজ্য শাখা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

(ঘ) জনাব মোঃ সাইফুল ইসলাম, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ও উপস্থাপনকারী কর্মকর্তা।

০২। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের বাস্তব সফলতা অর্জনে শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞান হলো সফলতার/উন্নয়নের অন্যতম শর্ত। তবে এর নেতিবাচক প্রয়োগ কখনোই কল্যান বয়ে আনতে পারে না। তাই, দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। বর্তমানে ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রনয়ণ ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরী বলে সভায় সকলে একমত পোষণ করেন। স্থানীয় মুখ্য কর্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক) ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী কর্মপরিসরে শুদ্ধাচার চর্চা করবেন; পাশাপাশি অর্পিত কাজ সুচারুরুপে যথাসময়ে সম্পন্ন করবেন।

খ) সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিতকরনে সংশ্লিষ্ট বিধিবিধান যথাযথভাবে সকলকে পরিপালনে সচেষ্ট হতে হবে। আর্থিক ব্যবস্থাপনা বা অন্য যে কোন বিষয়ে অনিয়ম দূরীকরণার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণ আবশ্যক।

গ) দর্শণীয় স্থানে অভিযোগ বাক্স স্থাপন করতে হবে এবং তা স্থাপন করা হয়েছে মর্মে সাধারণ ব্যাংকিং ও প্রশাসন শাখার উপ-মহাব্যবস্থাপক উল্লেখ করেন। জাল-জালিয়াতি রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে।

ঘ) খেলাপী ঋণ সংস্কৃতি থেকে মুক্তিকল্পে ব্যাংকের খেলাপী ঋণ আদায়ে ঋণ ও বৈদেশিক বাণিজ্য সেকশন বিশেষ কর্মসূচী গ্রহণ করবে। বিআরপিডি-৫ এর অধীন ঋণ সমূহের কিস্তি আদায়ের জন্য নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। করোনা প্রনোদনা প্যাকেজ শতভাগ বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।

ঙ) ব্যাংকের কর্মপরিবেশ সুশৃংখল রাখতে কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হবেন, **COVID-19** মোকাবেলায় **WHO** প্রণীত স্বাস্থ্য বিধি মেনে অফিসে আসবেন এবং নিজ দায়িত্ব যথাযথভাবে সম্পন্ন করবেন। এবং অফিস সময়ের শেষে বৈদ্যুতিক লাইট/ফ্যান/এসি ইত্যাদি বন্ধ করে অফিস কক্ষ ত্যাগ করতে হবে।

চ) সংশ্লিষ্ট সকলে সততার সাথে মানি লন্ডারিং রোধে সক্রিয় ভূমিকা পালন করবেন। অবিলম্বে মানি লন্ডারিং রোধে বিভিন্ন বিধি বিধান সম্পর্কে অবহিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করতে হবে এবং প্রতি ত্রৈমাসিকে উক্ত সভা অনুষ্ঠিত হয় বলে সাধারণ ব্যাংকিং ও প্রশাসন শাখার উপ-মহাব্যবস্থাপক উল্লেখ করেন।

ছ) **BKB Code of conduct** ও বিকেবি কর্মচারী আচরণ বিধি বাস্তবায়নে সকল কর্মকর্তা/কর্মচারীকে সদা সচেষ্ট থাকতে হবে।

চলমান পাতা-০২

জ) গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোত্তম সেবা প্রদানে সচেষ্ট হবেন এবং গ্রাহকদেরকেও নিজ নিজ পেশার ক্ষেত্রে সততা ও নৈতিকতা বাস্তবায়নে উৎসাহিত করবেন। পোশাক-পরিচ্ছদের ক্ষেত্রে কর্পোরেট সংস্কৃতি অনুসরণ করতে হবে।

ঝ) সার্বিকভাবে অর্থ প্রবাহ বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের সকলকে সঞ্চয়ী আমানত সংগ্রহ জোরদার করার বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।

ঞ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় মুখ্য কার্যালয়ের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা কার্যালয়ের সকল সেকশনে যোগাযোগ রক্ষা করবেন।

ট) ই-নথি চালু করার জন্য প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে ফোকাল পয়েন্ট কর্মকর্তা যোগাযোগ রক্ষা করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় এবং বিগত সভার সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়ন করায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

27.12.2022
(মোঃ সাইফুল ইসলাম)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (প্রশাসন)
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
উপস্থাপনকারী কর্মকর্তা

২৭/১২/২০২২
(মোঃ তুহীন ইকরাম )
সহকারী মহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য-সচিব এবং
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২৭/১২/2022
(রৌউফুর রাহিম)
উপমহাব্যবস্থাপক
ঋণ শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য।

27/12/22
(মোহাম্মদ মাইনুল ইসলাম খান)
উপমহাব্যবস্থাপক
বৈদেশিক বাণিজ্য শাখা
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সদস্য।

২৭/১২/২০২২
(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক-২
(এলপিও এর দায়িত্বে)
বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
ও
সভাপতি

---

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-০১/শুদ্ধাচার কৌশল/২০২২-২০২৩/১৫২৪ তারিখ : ২৭.১২.২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। উপ মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (বিকেবির ওয়েবসাইটের **NIS Tab** এ তথ্য আপলোডকরণের মাধ্যমে)।

২। নথি।

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩** পরিশিষ্ট-ঘ

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের **নামঃস্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।**

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নে রদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | জনাব মোঃ তুহীন ইকরাম, সহকারী মহাব্যবস্থাপক | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | ১ | ১ | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (Stakeholders) অংশীজনের অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | % | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ১০০% | লক্ষ্যমাত্রা | | ১০০% | | ১০০% | | | প্রধান কার্যালয় কর্তৃক বাস্তবায়ন করা হবে। |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | ৩ | সংখ্যা ও তারিখ | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ০২টি ৩০.১১.২২ ৩১.০৫.২৩ | লক্ষ্যমাত্রা | | ৩০.১১.২২ | | ৩১.০৫.২৩ | | | |
| | | | | | | অর্জন | | ১০০% | | | | | |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার......... | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম................(অগ্রাধিকার ভিত্তিতে ১ নং সহ নুন্যতম ৪টি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | | | | | |
| ৩.২ মানি লন্ডারিং প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা হয়েছে। | | ৮ | % | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | | | | | |
| ৩.৩ জব রুটেশন অর্থাৎ কর্মীদের সকল ডেস্ক সংক্রান্ত কাজের গ্গান থাকার লক্ষে সময় সময়ে রুটেশন করা হয়। | | ৮ | সংখ্যা | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ৩ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | | | |
| | | | | | | অর্জন | | | | | | | |
| ৩.৪ গ্রাহকের জন্য অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। | | ৮ | % | উপ-মহাব্যবস্থাপক মহোদয় গণ | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | | | |
| | | | | | | অর্জন | ১০০% | ১০০% | | | | | |

বি:দ্র:- কোন ক্রমিকের কার্যক্রম প্রযোজ্য না হলে তার কারণ সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা পর্যালোচনাপূর্বক মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

সূত্র নং-বিকেবি/এলপিও/প্রশা-০১/শুদ্ধাচার কৌশল/২০২২-২০২৩/ ১৫২৫

তারিখ: ২৭.১২.২০২২

27.12.2022
প্রতিবেদন প্রস্তুতকারীর স্বাক্ষর
মোঃ সাইফুল ইসলাম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
বাংলাদেশ কৃষি ব্যাংক
লোকাল প্রিন্সিপাল অফিস ঢাকা।

27-12-2022
নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (১)
MD. TUHIN IKRAM
Assistant General Manager

২৭।১২।২২
নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (২)
রৌউফুর রাহিম
উপ-মহাব্যবস্থাপক

২৭।১২।২২
নৈতিকতা কমিটির সদস্যের স্বাক্ষর (৪)
Mohammad Mainul Islam Khan
Deputy General Manager

২৭।১২।২২
নৈতিকতা কমিটির সভাপতির স্বাক্ষর
খান ইকবাল হোসেন
উপব্যবস্থাপনা পরিচালক
(এলপিও এর দায়িত্বে)